



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ মার্চ ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

সেনা-পুলিশী হামলার প্রতিরোধে অংশ নেয়ায় এলাকাবাসীকে ধন্যবাদ জ্ঞাপন শহীদ অমরের এলাকাবাসী দুর্বৃত্তের ধৃষ্টতা বরদাস্ত করবে না

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা আজ বৃহস্পতিবার (৮ মার্চ ২০১৮) এক বিবৃতিতে গতকাল খাগড়াছড়ি শহরের স্বনির্ভর এলাকায় ইউপিডিএফ-ভুক্ত তিন গণতান্ত্রিক সংগঠনের কর্মসূচিতে বিনা উচ্চানিতে সেনাবাহিনী ও পুলিশের হামলার বিরুদ্ধে গণ প্রতিরোধে অংশ নেয়ায় সাধারণ জনগণ এবং বিশেষত খবংপুজ্যাবাসীর প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

তিনি বলেন, 'যারা সেনাবাহিনী ও পুলিশের বর্বর হামলার বিরুদ্ধে গণ প্রতিরোধে অংশ নিয়েছেন, পার্টি অফিসকে রক্ষা করেছেন, যারা শহীদ অমর বিকাশ চাকমার স্মরণে আয়োজিত কর্মসূচিতে যোগদানকারী ও প্রতিরোধে অংশগ্রহণকারীদের রান্না করে খাইয়েছেন, আহতদের সেবা শূন্য করেছেন ও নানাভাবে সহযোগিতা করেছেন, তাদের সবার প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।'

'জনগণই প্রকৃত শক্তির উৎস' উল্লেখ করে তিনি আরো বলেন, 'সুমহান ও সুউচ্চ নীতি আদর্শে সুসজ্জিত একটি পার্টি ও জনগণ এক মন এক প্রাণ হয়ে কাজ করলে যে, যেকোনো অপশক্তির বিরুদ্ধে জয়লাভ করা যায়, গতকালের প্রতিরোধের ঘটনা তারই এক উজ্জ্বল দৃষ্টান্ত।'

গণশত্রুদের শায়েস্তা করতে জনতাকে লাঠি হাতে নিতে হয় মন্তব্য করে ইউপিডিএফ নেতা বলেন, 'শাসকচক্র স্পষ্টতই পাহাড়ীদের প্রতি বৈরী নীতি গ্রহণ করেছে। সমাজের দাগী অপরাধীদের লেলিয়ে দিয়ে জনগণকে পদদলিত করতে উঠে পড়ে লেগেছে। বর্তমানে সেনা-প্রশাসনের আশ্রয়-প্রশ্রয়ে থেকে চিহ্নিত গণশত্রুরা স্বনির্ভর এলাকায় পা দেয়ার ধৃষ্টতা দেখাতে চায়, যা শহীদ অমর বিকাশের এলাকাবাসী কখনই বরদাস্ত করবে না। পার্বত্য চট্টগ্রামের যে বীর জনতা ১৯৯৫-৯৬ সালে সেনা-সৃষ্ট মুখোশ বাহিনীকে পরাস্ত করেছে, তারাই বর্তমানে সেনাবাহিনী ও জেএসএস-এম.এন. লারমা দলের কতিপয় নেতার লেলিয়ে দেয়া নব্য মুখোশ বাহিনীকে নিশ্চিহ্ন করবে।'

জনগণের স্বার্থের বিরুদ্ধে কাজ করে অতীতে কোন অপশক্তি টিকতে পারেনি, ভবিষ্যতেও পারবে না বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং এককালে সেনাসৃষ্ট তথাকথিত লায়ন বাহিনী, টাইগার বাহিনী, গ.প্র.ক বাহিনী ও বোরকা পার্টির করুণ পরিণতির কথা সবাইকে স্মরণ করিয়ে দেন।

তিনি নব্য মুখোশ বাহিনীকে 'পাহাড়ি-রাজাকার' আখ্যায়িত করে তাদের ও তাদের গডফাদারদের বিরুদ্ধে দুর্বীর গণ প্রতিরোধ গড়ে তোলার জন্য সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।